"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শাখা: কারিগরি-১
www.tmed.gov.bd

নং ৫৭.০০.০০০০.০৫১.১১.০০৪.২০১৭-১৬৮

তারিখ: ০৪ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের ২১/১১/২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২২০০.১৭-৪০৩ নং স্মারকে বর্ণিত সুপারিশক্রমে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউটের জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/সিভিল) এর ০৫টি (পাঁচ) টি স্থায়ী পদে তাদের নামের পাশে লিখিত পদ ও জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে নিয়োগ করা হলোঃ

| ক্রঃ নং | নাম, পিতার নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | নিয়োগকৃত পদ |
|---|---|---|---|---|
| ১ | জনাব মো: আব্দুল মালেক<br>পিতা- মো: আব্দুল বাছেদ<br>মাতা- শিউলী বেগম | গ্রামঃ প্রথমার ছেও, ডাকঘরঃ নাড়ুয়ামালা<br>উপজেলাঃ গাবতলী<br>জেলাঃ বগুড়া | ১৬০০০-৩৮৬৪০/- | জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/সিভিল) |
| ২ | জনাব মোঃ মেহেদী হাসান<br>পিতা- মোঃ আজাহার আলী সরকার<br>মাতা- মোছাঃ আকতার জাহান বেগম | গ্রামঃ খুপী আগেরপাড়া<br>পোঃ জামির বাড়ীয়া<br>থানাঃ গাবতলী, জেলাঃ বগুড়া | ১৬০০০-৩৮৬৪০/- | জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/সিভিল) |
| ৩ | জনাব মো: মিলন হোসেন<br>পিতা- আব্দুল আজিজ<br>মাতা- খোসনেয়ারা খাতুন | ফ্ল্যাট বাড়ীওসড়ক সুজানগররোড<br>গ্রামঃ খয়ের সুতি, পোঃ দোগাছি<br>থানাঃ পাবনা সদর, জেলাঃ পাবনা | ১৬০০০-৩৮৬৪০/- | জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/সিভিল) |
| ৪ | জনাব মো: মাসুদ পাটোয়ারী<br>পিতা- মো: মতিউর রহমান<br>মাতা- রোকেয়া বেগম | গ্রামঃ আচার্যাপুর, পোঃ আড়কান্দি<br>থানাঃ বালিয়াকান্দি<br>জেলাঃ রাজবাড়ী | ১৬০০০-৩৮৬৪০/- | জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/সিভিল) |
| ৫ | জনাব মোছা: সুলতানা নাছরিন<br>পিতা- মো: আবু হাসান<br>মাতা- মোছা: মিনারা বেগম | গ্রাম-দামগুল<br>ডাকঘর: হাট কড়ই<br>থানা: নন্দীগ্রাম, জেলা: বগুড়া | ১৬০০০-৩৮৬৪০/- | জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/সিভিল) |

শর্তাবলী :

(ক) তাকে সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ১ মাস ব্যাপি বেসিক কোর্সে অংশগ্রহণ করতে হবে ;

(খ) তাকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকেই তাকে চাকরি হতে অপসারণ করা যাবে.

(গ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে চাকরিতে স্থায়ী করা হবে.

(ঘ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরি থেকে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরত দিতে বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাকে প্রশিক্ষণে যেতে হবে;

(ঙ) তিনি যদি চাকরি থেকে ইস্তফা প্রদান করেন, তবে সরকার কর্তৃক তা গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঘ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না,

D:\Ousman\Technical-1\Poggapon (GO-40-Nioosh).doc

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে.

(ঞ) The Government Servants (Conduct) Rules, 1979 এর বিধি ১৩ অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ট) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রেও এ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে

(ঠ) চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না ;

(ড) নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে ও তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। বর্ণিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৬/০৯/২০১৮ খ্রি. তারিখের মধ্যে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকায় যোগদানের জন্য অনুরোধ করা হলো।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২১.০৮.১৮

(মোঃ আব্দুল্লাহ)
উপসচিব (কারিগরি-১)
ফোনঃ ৯৫৮৪৬৬৬

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন,ঢাকা।

৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন,ঢাকা।

৮। অধ্যক্ষ, ................পলিটেকনিক ইনস্টিটিউট।

৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

১১। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১২। জনাব ..............................................................................

১৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

১৪। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
ওয়েব সাইটঃ techedu09@gmail.com
ই-মেইলঃ www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১১.১১.০৪৯.১৫- ২৭৪

তারিখঃ ৫ ভাদ্র, ১৪২৫ বঙ্গাব্দ
২০ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫১.১১.০০৪.২০১৭-৬৮৮, তারিখ : ১৯ আগস্ট ২০১৮ খ্রি: মোতাবেক কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউটের জুনিয়র ইনষ্ট্রাক্টর (টেক/সিভিল) এর ০৫ (পাঁচ) টি স্থায়ী পদে নিয়োগের প্রজ্ঞাপনে ছায়ালিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল।

১। উপসচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, ----------------।

৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ----------------------।
D:\Ousman\Technical-1\Poggapon (GO-40-Nikoshi).doc

৫। জনাব --------------------------------------------------------------------------- পলিটেকনিক ইনস্টিটিউট।

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৭। পি এ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮। সংরক্ষণ নথি।

২০/৮/১৮

(নাজমুন নাহার)
সহকারী পরিচালক- ২

E:\Mamun\Andross File\Andross letter.doc